গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
সুবর্ণ ভবন (৯ম ও ১০ম তলা)
এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬
www.nddtrust.gov.bd

স্মারক নং- ৪১.০৫.০০০০.০০০.০১.১২৩.২৫-৩১৭

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪৩২
২৮ জুলাই ২০২৫

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইন (Online)-এ **http://nddpt.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র আহবান করা হচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা (টি) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১০) বেতন স্কেল-১৬,০০০-৩৮,৬৪০ | ০১(এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | সকল জেলা |
| ২. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-১১) বেতন স্কেল- ১২,৫০০-৩০,২৩০ | ০১(এক) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোনো বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। | |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক স্কেল- ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ০২ (দুই) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে গতি সর্বনিম্ন ইংরেজি: ২০ এবং বাংলা: ২০ শব্দ থাকতে হবে।<br>ঘ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |

**আবেদনের পদ্ধতি ও শর্তাবলি:**

(১) ১/০৭/২০২৫ খ্রি. তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন ব্যতীত কোন পরিবর্তন গ্রহণযোগ্য হবে না।

(২) আবেদনকারীর পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তী সময়ে সেভাবে লিখতে হবে।

(৩) কেবলমাত্র উপযুক্ত এবং **ত্রুটিমুক্ত** আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। পরবর্তী সময়ে কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের করবে। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। উল্লেখ্য, অফিস সহকারী কাম কম্পিটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে লিখিত পরিক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরিক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(৪) নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ নিয়োগের জন্য অনুসৃত হবে।

(৫) বর্ণিত পদসমূহের চাকুরির শর্তাবলি নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৮ মোতাবেক নির্ধারিত হবে।

(৬) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে।

(৭) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৮) বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল পদের লিখিত পরীক্ষা একই দিনে ও একই সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একই প্রার্থীর একাধিক পদে আবেদন করার প্রয়োজন নেই।

**৯) (ক) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদি উপস্থাপন/দাখিল করতে হবে:**

i. সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদের মূল কপি এবং সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

ii. পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে উপরোল্লিখিত সকল সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

iii. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরুপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

**১০) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nddpt.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরুপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৪/০৮/২০২৫ খ্রি. সকাল ১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩/০৯/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকের জন্য ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩.০০ (তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ২ নং ক্রমিকের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠার) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা এবং ৩ নং ক্রমিকের জন্য ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্যকোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**প্রথম SMS:** **NDDPT**<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: NDDPT ABCDEF**
Reply: Applicant's Name, Tk- (Application fee 223/168/112/56) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NDDPT<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** **NDDPT**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: NDDPT YES 12345678**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for NDDPT application for post XXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nddpt.teletalk.com.bd ওয়েবসাইট এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **NDDPT**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **NDDPT Help User ABCDEF** & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **NDDPT**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: **NDDPT Help PIN 12345678** & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর website: www.nddtrust.gov.bd-এ দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.nddtrust.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা nddptrust@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: NDDPT, Post Name: ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

**ট) ডিক্লারেশন:**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) উল্লিখিত পদের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোন প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৩) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, যেকোন দরখাস্ত গ্রহণ/বাতিল, এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন বা সংশোধন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

*আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

**শামীমা ফেরদৌস**
(যুগ্মসচিব)
ব্যবস্থাপনা পরিচালক (অ: দা:)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
ইমেইল: nddptrust@gmail.com